

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১২.২০১৫- ৫২০

তারিখঃ ৬.০৬.২০১৬খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ শাহাদৎ হোসেন (১১৩৫২৩), মেডিকেল অফিসার, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১৭.০৯.২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১১২.২০১৫-৬১৪নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২১.০৬.২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, স্বাস্থ্য অধিদপ্তরের ০৫.০৫.২০১৪ তারিখের ৫২৯৫নং স্মারক মোতাবেক তিনি গত ২১.০৭.২০১৪ তারিখ হতে অদ্যাবধি সুনামের সাথে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকায় কর্মরত আছেন। সিরাজগঞ্জ জেনারেল হাসপাতালে বদলি সংক্রান্ত কোন আদেশ তিনি না পাওয়ায় তিনি যোগদান করেননি। তার বদলি বিষয়ে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট কর্তৃপক্ষও অবগত ছিল না;

এক্ষেপে, সেহেতু, ডাঃ মোঃ শাহাদৎ হোসেন (১১৩৫২৩), মেডিকেল অফিসার, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। ইমার্জেন্সি মেডিকেল অফিসার হিসেবে জেনারেল হাসপাতাল, সিরাজগঞ্জে বদলি/পদায়ন আদেশ বহাল থাকায় তাঁকে অনতিবিলম্বে সিরাজগঞ্জ হাসপাতালে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

উপপরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর  
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১২.২০১৫- ৫২০/১১০

তারিখঃ ৬.০৬.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল, সিরাজগঞ্জ।
- ৭। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ মোঃ শাহাদৎ হোসেন (১১৩৫২৩), মেডিকেল অফিসার, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা।

(আসমা তাসকিন)  
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৮.২০১৬-

৫১২

তারিখঃ ৩০.০৬.২০১৬খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ শামসুন্নাহার মীর (১১২০৬২), প্রাক্তন মেডিকেল অফিসার, চারিগ্রাম উপস্বাস্থ্য কেন্দ্র, সিঙ্গাইর, মানিকগঞ্জ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ০৭.০৩.২০১৬ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৮.২০১৬-১৯৫নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২২.০৬.২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, গত ৩১.১২.২০১১ তারিখে তার প্রেষণের মেয়াদ শেষ হয়। তিনি তার প্রেষণের মেয়াদ ০১.০১.২০১২ হতে পরবর্তী ০৬(ছয়) মাস বৃদ্ধি করার জন্য আবেদন করেন। পরবর্তীতে তার মা ও শাশুরী মৃত্যুবরণ করায় তিনি মানসিকভাবে ভেঙে পড়েন এবং পারিবারিক বিভিন্ন সমস্যার কারণে কর্মস্থলে যোগদান করতে পারেননি;

এক্ষেণে, সেহেতু, ডাঃ শামসুন্নাহার মীর (১১২০৬২), প্রাক্তন মেডিকেল অফিসার, চারিগ্রাম উপস্বাস্থ্য কেন্দ্র, সিঙ্গাইর, মানিকগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। তাঁর ০১.০১.২০১২খ্রিঃ তারিখ হতে ২৮.১২.২০১৫ তারিখ পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর  
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৮.২০১৬-

৫১২/০৭১৬

তারিখঃ ৩০.০৬.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। ডাঃ শামসুন্নাহার মীর (১১২০৬২), প্রাক্তন মেডিকেল অফিসার, চারিগ্রাম উপস্বাস্থ্য কেন্দ্র, সিঙ্গাইর, মানিকগঞ্জ।

(আসমা তাসকিম)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮২.২০১৪- ০২৪

তারিখঃ ০৩.১৪২৩ বঙ্গাব্দ  
০৬.২০১৬ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ প্রনতি দাস (১২৬৫০৪), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাইমচর, চাঁদপুর গত ০৩.১১.২০১৩খ্রিঃ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১৮.০৮.২০১৪খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮২.২০১৪-৬৩৯নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তীর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ২৮.০২.২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮২.২০১৪-১৬২নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;


যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ১৮.০৫.২০১৬ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০২০.২০১৬-১৫১নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ১৯.০৬.২০১৬ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ প্রনতি দাস (১২৬৫০৪), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাইমচর, চাঁদপুরকে তীর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৩.১১.২০১৩খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(সৈয়দ মনজুরুল ইসলাম)  
সচিব

উপপরিচালক  
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮২.২০১৫- ০২৪/১১২২

তারিখঃ ০৬.২০১৬খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৩। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। উপসচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিভিল সার্জন, চাঁদপুর।
- ৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাইমচর, চাঁদপুর।
- ১০। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, হাইমচর, চাঁদপুর।
- ১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। ডাঃ প্রনতি দাস (১২৬৫০৪), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাইমচর, চাঁদপুর (স্থায়ী ঠিকানাঃ পিতা-সুবোধ কুমার দাস, গ্রাম-কাতলাগারী বাজার, পোঃ-শৈলকূপা, জেলা-ঝিনাইদহ)।

(আসমা তাসকিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩৫.২০১৫- ৫১৫

তারিখঃ ৬.০৬.২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ মোঃ জহিরুল আলম (১৩২৯৫১), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী গত ৩০.১০.২০১৪খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায়, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২২.১১.২০১৫ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩৫.২০১৫-৭৯১নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষেণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

(বিমান কুমার সাহা এনজিসি)  
অতিরিক্ত সচিব

ডাঃ মোঃ জহিরুল আলম (১৩২৯৫১)

সহকারী সার্জন

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স

হাতিয়া, নোয়াখালী।

(স্থায়ী ঠিকানাঃ-গ্রাম-আলম মঞ্জিল, ডাক-অফিস রোড, থানা-কোম্পানীগঞ্জ, জেলা-নোয়াখালী)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩৫.২০১৫- ৫১৫/১৫

তারিখঃ ৬.০৬.২০১৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৩। সিভিল সার্জন, নোয়াখালী (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাতিয়া, নোয়াখালী।

(আসমা তাসকিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮২.২০১৬- ৫২৬

তারিখঃ ১৪.০৭.২০১৬ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ আবদুচ ছালাম (১০১৬৭৬০), আবাসিক মেডিকেল অফিসার, জেলা সদর হাসপাতাল, কক্সবাজার-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ আবদুচ ছালাম (১০১৬৭৬০), আবাসিক মেডিকেল অফিসার, জেলা সদর হাসপাতাল, কক্সবাজার জৈনিক মরিয়ম খাতুন, উখিয়া, কক্সবাজারকে কর্তৃপক্ষের অগোচরে নিজ ইচ্ছায় ব্যক্তিগতভাবে মিথ্যা জখমী সনদপত্র প্রদান করেন;


যেহেতু, আপনি অন্য দুজন চিকিৎসকের নাম ও স্বাক্ষর জাল করে অসং উদ্দেশ্যে মরিয়ম খাতুন, উখিয়া, কক্সবাজারকে গুরুতর জখমের সার্টিফিকেট প্রদান করেন;

যেহেতু, মিথ্যা জখমী সনদপত্র প্রদানের বিষয়ে বিজ্ঞ আদালতে প্রশ্ন উত্থাপিত হলে বিজ্ঞ আদালতের নির্দেশে বিষয়টি তদন্ত করে মিথ্যা জখমী চিকিৎসা সনদপত্র জারির বিষয়টি প্রমানিত হয়েছে এবং মিথ্যা মেডিকেল সনদ ইস্যু করে ফৌজদারী অপরাধ করেছেন মর্মে বিজ্ঞ আদালত মতামত জ্ঞাপন করেছে;

যেহেতু, আপনার উপরিলিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হলো এবং কেন আপনাকে সরকারি চাকরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত অন্য কোন দস্ত প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানানো নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

  
(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব


ডাঃ আবদুচ ছালাম (১০১৬৭৬০)  
আবাসিক মেডিকেল অফিসার  
জেলা সদর হাসপাতাল, কক্সবাজার।  
(স্থায়ী ঠিকানা-পিতা-মোঃ রশিদ আহম্মদ, হলুদিয়া পালং, ডাকঘর-মরিচা বাজার-৪৭৫০, কক্সবাজার)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮২.২০১৬- ৫২৬/১৪

তারিখঃ ১৪.০৭.২০১৬ খ্রিঃ


বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, কক্সবাজার (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার নিকট জারিপূর্বক জারির প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হল)।

  
(আসমা তাসকিন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮  
[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

## অভিযোগ বিবরণী

ডাঃ আবদুচ ছালাম (১০১৬৭৬০), আবাসিক মেডিকেল অফিসার, জেলা সদর হাসপাতাল, কক্সবাজার জৈনৈক মরিয়ম খাতুন, উখিয়া, কক্সবাজারকে কর্তৃপক্ষের অগোচরে নিজ ইচ্ছায় ব্যক্তিগতভাবে মিথ্যা জখমী সনদপত্র প্রদান করেন। তিনি অন্য দুজন চিকিৎসকের নাম ও স্বাক্ষর জাল করে অসং উদ্দেশ্যে মরিয়ম খাতুন, উখিয়া, কক্সবাজারকে গুরুতর জখমের সার্টিফিকেট প্রদান করেন। মিথ্যা জখমী সনদপত্র প্রদানের বিষয়ে বিজ্ঞ আদালতে প্রশ্ন উত্থাপিত হলে বিজ্ঞ আদালতের নির্দেশে বিষয়টি তদন্ত করে মিথ্যা জখমী চিকিৎসা সনদপত্র জারির বিষয়টি প্রমানিত হয়েছে এবং মিথ্যা মেডিকেল সনদ ইস্যু করে ফৌজদারী অপরাধ করেছেন মর্মে বিজ্ঞ আদালত মতামত জ্ঞাপন করেছে। তার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২(এফ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' হিসেবে গণ্য। তিনি তার উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

  
(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৪.২০১৬-

৫১২

তারিখঃ ৩০.০৬.২০১৬খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ হাবিবা শামিম সুলতানা (৪৩০৭৫), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গজারিয়া, মুন্সিগঞ্জ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ০২.০৫.২০১৬ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৪.২০১৬-৩৩২নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২১.০৬.২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, গত ৩১.১২.২০১৪ তারিখ পর্যন্ত তিনি প্রেষণরত ছিলেন। প্রেষণ শেষে পদায়ন করার জন্য স্বাস্থ্য অধিদপ্তরে আবেদন করেন। দীর্ঘদিন পদায়ন না হওয়ায় ০৯.০৪.২০১৫ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে পদায়নের জন্য আবেদন করেন। পরবর্তীতে স্বাস্থ্য অধিদপ্তরের ১১.০১.২০১৬ তারিখের ২৩৪নং স্মারকে তাকে জুনিয়র কনসালটেন্ট (গাইনী) হিসেবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গজারিয়া, মুন্সিগঞ্জ-এ পদায়ন করা হলে তিনি ১৭.০১.২০১৬ তারিখে যোগদান করে অদ্যাবধি কর্মরত আছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ হাবিবা শামিম সুলতানা (৪৩০৭৫), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গজারিয়া, মুন্সিগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর  
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৪.২০১৬-

৫১২/১১১

তারিখঃ ৩০.০৬.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। সিভিল সার্জন, মুন্সিগঞ্জ।
- ৬। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। ✓ সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গজারিয়া, মুন্সিগঞ্জ।
- ৯। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গজারিয়া, মুন্সিগঞ্জ।
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। ডাঃ হাবিবা শামিম সুলতানা (৪৩০৭৫), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গজারিয়া, মুন্সিগঞ্জ।

(আসমা তাসকিন)  
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd